**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/20/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# নিউ ইয়র্কের কৃষকদের সমৃদ্ধ করার জন্য এবং কমিউনিটি ও স্কুলগুলোতে আরো বেশি স্থানীয় খাদ্য নিয়ে আসার জন্য গভর্নর হোকলের প্রায় 38 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়ার ঘোষণা

***USDA-এর সহযোগিতামূলক চুক্তিগুলো নিউ ইয়র্কের কৃষক ও উৎপাদকদের উন্নতি করবে এবং খামার-থেকে-স্কুল কর্মসূচিগুলোকে জোরদার করবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কের কৃষকদের সমৃদ্ধ করা এবং স্থানীয় খাদ্যের অ্যাক্সেস বৃদ্ধি করার মাধ্যমে নিউ ইয়র্কের খাদ্য ব্যবস্থার স্থিতিশীলতা আরো বৃদ্ধি করতে যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগ (Department of Agriculture) নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets) এবং নিউ ইয়র্ক স্টেটের শিক্ষা বিভাগকে (Education Department) প্রায় 38 মিলিয়ন ডলারের বরাদ্দ প্রদান করেছে। এই তহবিল নিউ ইয়র্কের কৃষকদের সহায়তা করার জন্য, যাদের মধ্যে ঐতিহাসিক কাল থেকে সুবিধাবঞ্চিত অবস্থানে থাকা লোকজনও অন্তর্ভুক্ত রয়েছে, স্থানীয়ভাবে চাষকৃত ও উৎপাদিত খাদ্য ক্রয় করার এবং সেসব পণ্য খাদ্য অনিরাপত্তার সম্মুখীন হওয়া কমিউনিটিগুলোতে এবং নিউ ইয়র্কের স্কুলগুলোতে বিতরণ করার নতুন সুযোগ তৈরি করবে।

"কৃষি ও বাজার বিভাগ এবং স্টেটের শিক্ষা বিভাগ স্থানীয় কৃষকদের এবং তারা যেসব কমিউনিটির খাদ্য যোগান দিয়ে থাকেন তাদের মধ্যে শক্তিশালী, পারস্পরিকভাবে কল্যাণকর সম্পর্ক গড়ে তোলার জন্য ভূমিকা পালন করে আসছে," **বলেছেন গভর্নর হোকল**। "এসব কর্মসূচি কৃষক ও উৎপাদকদের জন্য অতি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সুযোগ প্রদান করছে এবং একইসাথে শিক্ষার্থী ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে স্থানীয়ভাবে উৎপাদিত, তাজা, স্বাস্থ্যকর, ও পুষ্টিকর খাবারের অ্যাক্সেসও প্রদান করছে। এই অংশীদারিত্ব এবং বাড়তি তহবিল আমাদের বহু সফল স্টেট কর্মসূচির সঙ্গে যোগ হচ্ছে যেগুলো শুধু আমাদের কৃষি অর্থনীতিকে সমৃদ্ধ করতে এবং আমাদের পরিবারগুলোর জন্য খাবারের যোগান দিতেই সাহায্য করে না, বরং সেইসাথে নিউ ইয়র্ক স্টেটের খাদ্য সরবরাহ চেইনকে শক্তিশালী করতেও সাহায্য করে।"

USDA আন্ডার সেক্রেটারি ফর মার্কেটিং এন্ড রেগুলেটরি প্রোগ্রামস জেনি লেস্টার মোফিট আজ রাজধানী অঞ্চলের BOCES ক্যারিয়ার এন্ড টেকনিক্যাল এডিকেশন সেন্টারে (BOCES Career &Technical Education Center) দুইটি সহযোগিতামূলক চুক্তি সম্পাদন উদযাপনের জন্য নিউ ইয়র্কের কৃষি ও বাজার বিভাগের (Department of Agriculture and

Markets, AGM) কমিশনার রিচার্ড এ. বল এবং স্টেটের শিক্ষা বিভাগের (State Education Department, SED) কমিশনার বেটি এ. রোসার সাথে যোগদান করেন: AGM-এর মাধ্যমে স্থানীয় খাদ্য ক্রয় সহায়তা সহযোগিতামূলক চুক্তি (Local Food Purchase Assistance Cooperative Agreement, LFPA) কর্মসূচি; এবং SED-এর মাধ্যমে, স্কুলের জন্য স্থানীয় খাদ্য (Local Food for Schools, LFS) সহযোগিতামূলক চুক্তি কর্মসূচি।

**যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগের আন্ডার সেক্রেটারি জেনি লেস্টার মোফিট বলেন,** "কৃষক ও উৎপাদকদের জন্য অর্থনৈতিক সুযোগ-সুবিধার প্রসার ঘটাতে এবং সুবিধাবঞ্চিত কমিউনিটি ও স্কুলগুলোতে স্থানীয়ভাবে উৎপাদিত, তাজা, স্বাস্থ্যকর, ও পুষ্টিকর খাবারের অ্যাক্সেস বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের সঙ্গে অংশীদার হতে পেরে USDA উচ্ছসিত। এসব কর্মসূচির অধীনে অর্জিত সহযোগিতামূলক চুক্তিগুলো খাদ্য ও কৃষি সাপ্লাই চেইনের স্থিতিশীলতা উন্নত করবে এবং দেশজুড়ে স্থানীয় খাবার গ্রহণ বৃদ্ধি করবে।"

স্টেটব্যাপী আরো বেশি শক্তিশালী একটি খাদ্য ব্যবস্থা তৈরি করতে নিউ ইয়র্কের পরিবারের জন্য নিউ ইয়র্কের খাবার (New York Food for New York Families) কর্মসূচি বাস্তবায়ন করার জন্য AGM-কে LFPA-এর মাধ্যমে 25.8 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়া হয়েছে, যে খাদ্য ব্যবস্থা স্থানীয় খামারগুলোকে সহায়তা করবে এবং খাদ্য অনিরাপত্তার সম্মুখীন হওয়া কমিউনিটিগুলোকে উচ্চ মানসম্মত, পুষ্টিকর খাবার প্রদান করবে। খাবার ক্রয় করাটা অর্থনৈতিক সুযোগ-সুবিধা গড়ে তোলা ও সম্প্রসারণ করা এবং স্টেটের মধ্যে তাদের জন্য নতুন বিপণনের চ্যানেল তৈরি করার মাধ্যমে স্থানীয় এবং ঐতিহাসিক কাল থেকে সুবিধাবঞ্চিত অবস্থানে থাকা কৃষকদেরকে সহায়তা করবে এবং একইসাথে স্থানীয় খাবার যাতে নিউ ইয়র্কের অভাবী পরিবারগুলোর কাছে পৌঁছে যেতে পারে সে বিষয়টি নিশ্চিত করবে।

ন্যাশনাল স্কুল লাঞ্চ (National School Lunch) এবং স্কুল ব্রেকফাস্ট (School Breakfast) কর্মসূচির মাধ্যমে স্কুলের দিনগুলোতে শিশুদেরকে পরিবেশন করার জন্য স্থানীয় ও আঞ্চলিক খাবার ও পানীয় ক্রয় করার জন্য স্কুলগুলোকে বাড়তি সংস্থানসমূহ প্রদান করার জন্য SED কর্তৃক পরিচালিত LFS কর্মসূচি প্রায় 12 মিলিয়ন ডলার পাবে। এসব স্বাস্থ্যকর ও অনন্য পণ্য শিশুদের পুষ্টি উন্নত করার জন্য স্টেটের লক্ষ্যকে এগিয়ে নিয়ে যাবে এবং একইসাথে স্কুলগুলো এবং স্থানীয় কৃষকদের মধ্যে নতুন সম্পর্ক গড়ে তুলবে।

**নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও বাজার বিভাগের কমিশনার রিচার্ড এ. বল বলেন,** "আমাদের খাদ্য ব্যবস্থাকে শক্তিশালী করা এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর কাছে স্বাস্থ্যকর, স্থানীয় খাবার পৌঁছে দেওয়ার পাশাপাশি নিউ ইয়র্কজুড়ে কৃষকদের জন্য অর্থনৈতিক সুফল প্রদান করার ব্যাপারে নিউ ইয়র্কের চলমান প্রচেষ্টা নিয়ে আমি গর্বিত। USDA-এর LFPA অনুদান কর্মসূচির মাধ্যমে প্রায় 26 মিলিয়ন ডলারের অনুদান পেয়ে আমরা অত্যন্ত আনন্দিত, যেটি আমাদেরকে এসব অর্জন আরো বৃদ্ধি করার এবং আমাদের স্টেটের প্রতিটি কোণায় কৃষক ও অভাবী পরিবারগুলোর কাছে আমাদের উল্লেখযোগ্যভাবে পৌঁছে যাওয়া অব্যাহত রাখার সুযোগ করে দেবে।"

**নিউ ইয়র্ক স্টেট-বোর্ড অব রিজেন্টস-এর চ্যান্সেলর লেস্টার ডব্লিউ. ইয়ং জুনিয়র বলেন,** "শিক্ষার্থীরা যাতে তাদের শিক্ষা ও বিকাশে সহায়তা করার জন্য তাদের প্রয়োজনীয় স্বাস্থ্যকর স্থানীয়ভাবে উৎপাদিত খাবার গ্রহণ করতে পারে সে বিষয়টি নিশ্চিত করার জন্য নিউ ইয়র্কের খামার এবং খাদ্য উৎপাদনকারীরা কেন্দ্রীয় ভূমিকা পালন করে থাকে। স্টেটজুড়ে আমাদের শিশুদের পুষ্টি বিষয়ক অসাধারণ অংশীদারদের সাথে একসঙ্গে এবং USDA-তে, শিক্ষার্থীদের জন্য স্বাস্থ্যকর নিউ ইয়র্কের খাবার প্রদান করতে আমরা আমাদের নেটওয়ার্কগুলো বৃদ্ধি করা ও শক্তিশালী করা অব্যাহত রেখেছি, যাতে তারা প্রতিদিন তাদের প্রয়োজনীয় পরিপূর্ণ খাবারের অ্যাক্সেস পায়।"

**নিউ ইয়র্ক স্টেটের শিক্ষা বিভাগের কমিশনার বেটি এ. রোসা বলেন,** "আমাদের এই বৈচিত্র্যপূর্ণ স্টেটে স্কুলগুলো প্রতিটি কমিউনিটির একটি অবিচ্ছেদ্য অংশ হয়ে আছে, এবং আমরা খাবার ও কৃষির মধ্য গভীর সম্পর্ক লালন করতে সচেষ্ট রয়েছি। আমি রোমাঞ্চিত যে এই বিভাগের শিশুদের পুষ্টি বিষয়ক কর্মীরা সেই অংশীদারিত্ব এগিয়ে নেওয়ার জন্য কঠোর পরিশ্রম করে চলেছেন এবং ডিস্ট্রিক্টগুলো, নিউ ইয়র্কের চমৎকার খামারগুলো, এবং ঐতিহাসিক কাল থেকে সুবিধাবঞ্চিত খাদ্য উৎপাদনকারী ও প্রক্রিয়াকারকদের মধ্যকার এই গুরুত্বপূর্ণ সহযোগিতার সম্পর্কের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে ভূমিকা পালন করবে। এসব সংযুক্ত প্রচেষ্টা অধিকতর স্বাস্থ্যকর, আরো বেশি হাসি-খুশি শিক্ষার্থী গড়ে তুলবে যারা স্কুলে সমৃদ্ধি অর্জন করার জন্য আরো ভালোভাবে প্রস্তুত হবে।"

**রাজধানী অঞ্চল BOCES-এর ভারপ্রাপ্ত ডিস্ট্রিক্ট সুপারিন্টেন্ডেন্ট লরেন জেমিল বলেন,** "শিক্ষার্থীদের জন্য আমাদের রন্ধন কর্মসূচি থেকে শুরু করে স্কুল ডিস্ট্রিক্টগুলোর জন্য আমাদের শেয়ার্ড ফুড সার্ভিস পর্যন্ত, রাজধানী অঞ্চল BOCES স্কুলগুলোতে স্থানীয় খাবারের অ্যাক্সেস উন্নত করার উপায়সমূহ সন্ধান করা অব্যাহত রেখেছে। কৃষকদের সঙ্গে সম্পর্ক গড়ে তোলা এবং আমাদের শিক্ষার্থীদের জন্য পুষ্টিকর খাবারের বিকল্প লভ্য থাকা নিশ্চিত করার উপায়সমূহ সন্ধান করার এই সময়ে, আমাদের স্টেট ও ফেডারেল নেতৃবৃন্দের সহায়তার জন্য আমরা কৃতজ্ঞ।"

**সিনেটর ক্রিস্টেন গিলিব্র্যান্ড বলেন,** "নিউ ইয়র্কে 30,000 এরও বেশি কৃষক বাস করছে যাদের মহামারীর ফলে তৈরি হওয়া আর্থিক দুর্দশার সঙ্গে সংগ্রাম করে যাওয়ার পাশাপাশি নিজেদের কাজকর্ম অব্যাহত রাখার জন্য জরুরি ভিত্তিতে সরাসরি সাহায্য প্রয়োজন। সিনেটের কৃষি বিষয়ক কমিটির একজন সদস্য হিসেবে, এই 38 মিলিয়ন ডলারের বরাদ্দ সমর্থন করা ও প্রদান করার ক্ষেত্রে সাহায্য করতে পেরে আমি গর্বিত যা আমাদের খামারগুলোকে সচল রাখতে এবং বাড়িতে ও স্কুলগুলোতে স্বাস্থ্যকর, স্থানীয় খাবারের যোগান দিতে সাহায্য করবে।"

**রিপ্রেজেন্টেটিভ অ্যাড্রিয়ানো এসপেইলাট বলেন,** "নিউ ইয়র্কের কৃষকদের সহায়তা করার পাশাপাশি স্কুল ও কমিউনিটিগুলো যাতে স্থানীয় সরবরাহকারীদের কাছ থেকে খাবার সংগ্রহ করতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে আজকের ঘোষণাটির জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই। স্থানীয়ভাবে উৎপাদিত ফসলের মাধ্যমে খাদ্যের সমতা জোরদার করার পাশাপাশি আমরা অভাবী পরিবার ও কমিউনিটির কাছে খাবার পৌঁছে দেওয়ার মাধ্যমে নিউ

ইয়র্ক স্টেটজুড়ে খাদ্য অনিরাপত্তার বিরুদ্ধে লড়াই করার জন্য আমাদের প্রচেষ্টাগুলো এগিয়ে নিয়ে যেতে সক্ষম হবো।"

**স্টেট সিনেটর শেলি বি. মায়ের বলেন,** "সব শিক্ষার্থীই তখন সবচেয়ে ভালোভাবে শিখতে পারে যখন তারা তাদের প্রয়োজনীয় পুষ্টি পায়। এই তহবিল নিউ ইয়র্ককে আমাদের স্থানীয় কৃষকদের এবং আমাদের স্কুলগুলোর মধ্যে সেতুবন্ধন গড়ে তোলা চালিয়ে যাওয়ার সুযোগ করে দেবে। এই প্রচেষ্টায় তাদের অংশীদারিত্বের জন্য যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগ, গভর্নর ক্যাথি হোকল, কৃষি ও বাজার বিভাগের কমিশনার রিচার্ড এ. বল, বোর্ড অব রিজেন্টস-এর চ্যান্সেলর লেস্টার ডব্লিউ. ইয়ং জুনিয়র, এবং স্টেটের শিক্ষা কমিশনার বেটি এ. রোসাকে ধন্যবাদ জানাই।"

**স্টেট সিনেটর মাইকেল হিনচি বলেন,** "সব নিউ ইয়র্কবাসীর জন্য স্বাস্থ্যকর, স্থানীয়ভাবে উৎপাদিত খাবারের অ্যাক্সেস সম্প্রসারণ করা এবং একইসাথে খামার ব্যবসাগুলোকে জোরদার করার জন্য নতুন বাজার তৈরি করা আমাদের স্টেটের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ অগ্রাধিকার, এবং সরকারের প্রতিটি স্তরে এইক্ষেত্রে সহায়তা পাওয়া আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের নিজেদের এলাকায় উৎপাদিত খাবারের সরবরাহ যাতে নিউ ইয়র্কজুড়ে সব শিশু ও পরিবারের জন্য অ্যাক্সেসযোগ্য থাকে সে বিষয়টি নিশ্চিত করতে আমাদের কাজ করে যাওয়ার এই সময়ে, এই ফেডারেল তহবিল স্কুল, খামার, এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর মধ্যে নতুন সংযোগ স্থাপন করা ত্বরান্বিত করতে অনেক বেশি কাজে লাগবে।"

**অ্যাসেম্বলি সদস্য ডনা লুপার্ডো বলেন**, "নিউ ইয়র্কের গুরুত্বপূর্ণ স্থানীয় খাদ্য ক্রয় উদ্যোগে সহায়তা করার জন্য USDA-কে ধন্যবাদ। এই তহবিল কাজে লাগিয়ে, আমাদের শিক্ষার্থীদের এবং খাদ্য অনিরাপত্তার সম্মুখীন হওয়া নিউ ইয়র্কবাসীদের জন্য আমরা আরো বেশি তাজা, স্থানীয়ভাবে উৎপাদিত ও পুষ্টিকর খাবার সরবরাহ করতে পারবো। এটি আমাদের কৃষকদের জন্যেও একটি বড় ধরনের সমৃদ্ধি নিয়ে আসবে, যা আমাদের খাবারের সাপ্লাই চেইন এবং সামগ্রিক কৃষি অর্থনীতিকে শক্তিশালী করবে।"

আজকের ঘোষণাটি ক্ষুধার বিরুদ্ধে লড়াইয়ে স্টেটের দীর্ঘমেয়াদী অঙ্গীকারাবদ্ধতার সঙ্গে যোগ হচ্ছে। স্বাস্থ্যকর, স্থানীয়ভাবে উৎপাদিত খাবারের অ্যাক্সেস উন্নত করতে এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে ও নিউ ইয়র্ক সিটির স্কুলগুলোতে নিউ ইয়র্কে উৎপাদিত খাবার ও পানীয় পৌঁছে দিতে সাম্প্রতিক বছরগুলোতে স্টেট কয়েকটি যুগান্তকারী কর্মসূচি চালু করেছে।30 শতাংশ NYS উদ্যোগ (30 percent NYS Initiative), স্টেটের ফার্ম-টু স্কুল (Farm-to School)কর্মসূচি এবং শিশুদের পুষ্টি বিষয়ক কর্মসূচিগুলো নিউ ইয়র্কের কৃষকদের কাছ থেকে আরো বেশি স্থানীয়ভাবে উৎপাদিত পণ্য ক্রয় করা এবং নিউ ইয়র্কের স্কুলগুলোতে দুপুরের খাবারের জন্য স্বাস্থ্যকর ও পুষ্টিকর স্থানীয় খাবার বৃদ্ধি করার উপর জোর দিচ্ছে।

নারিশ NY (Nourish NY) উদ্যোগটি স্টেটের ফুড ব্যাংক ও জরুরি খাদ্য সরবরাহকারীদের নেটওয়ার্কের মাধ্যমে স্থানীয় কৃষকদের কাছ থেকে প্রায় 100 মিলিয়ন ডলার মূল্যমানের খাবার সংগ্রহ করেছে এবং অভাবী পরিবারগুলোর কাছে পৌঁছে দিয়েছে। এখন পর্যন্ত, প্রায় 50 মিলিয়ন আহার পৌঁছে দেওয়া হয়েছে। আরেকটি সাম্প্রতিক মাইলফলক হচ্ছে স্টেটের খাদ্য দান এবং খাদ্য বর্জ্য রিসাইক্লিং আইন (Food Donation and Food Scraps Recycling Law) বাস্তবায়নের

চলমান কাজের অংশ হিসেবে ক্ষুধার্ত নিউ ইয়র্কবাসীদেরকে এক মিলিয়ন পাউন্ড খাবার দান করা হয়েছে, যা জমি ভরাট করার ফলে সৃষ্ট জলবায়ু পরিবর্তনকারী নির্গমন ও বর্জ্য কমিয়ে আনার জন্য স্টেটের প্রচেষ্টার সঙ্গে যোগ হচ্ছে এবং একইসাথে অভাবী নিউ ইয়র্কবাসীদেরকে মানসম্মত খাবার প্রদান করছে।

কিভাবে ক্ষুধা মোকাবেলা করা যায় এবং নিউ ইয়র্ক স্টেটের অধিবাসীদের জন্য স্বাস্থ্যকর, স্থানীয় খাবারের অ্যাক্সেস উন্নত করা যায় সে সম্পর্কে স্টেটের নীতিনির্ধারকদেরকে বিশেষজ্ঞ মতামত প্রদানের জন্য ক্ষুধা ও খাদ্য বিষয়ক নীতিমালা সংক্রান্ত কাউন্সিল (Council on Hunger and Food Policy) গঠন করা হয়েছে। নারিশ নিউ ইয়র্ক কর্মসূচি প্রতিষ্ঠা করার সময় এই কাউন্সিল অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, যা সম্ভব হয়েছে ক্ষুধা মোকাবেলায় কাজ করা কর্মসূচিগুলো এবং যারা খাদ্য উৎপাদন ও সরবরাহ করেন তাদের মধ্যকার বন্ধন ও সহযোগিতার সম্পর্ক জোরদার করতে এটির মনোযোগী হওয়ার কারণে।

উভয় কর্মসূচি স্টেটজুড়ে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে ও শিক্ষার্থীদেরকে তাজা, স্বাস্থ্যকর, স্থানীয়ভাবে উৎপাদিত খাবার পৌঁছে দিতে সাহায্য করে থাকে এবং একটি স্থিতিশীল, সমৃদ্ধশীল স্থানীয় খাদ্য ব্যবস্থা গড়ে তোলার জন্য নিউ ইয়র্ক স্টেটের ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোতে বিনিয়োগ করে থাকে। USDA-এর স্থানীয় খাদ্য ক্রয় সহায়তা সংক্রান্ত সহযোগিতামূলক চুক্তি এবং স্কুলের জন্য স্থানীয় খাদ্য সহযোগিতামূলক চুক্তি কর্মসূচির ওয়েবপেইজে আরো তথ্য পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418